

**১৬ তম নির্বাহী পরিষদের ৫ম বৈঠক**  
তারিখ: ১২ অগস্ত ১৪২৩/২৬ নভেম্বর ২০১৬

**৫.ক. '৭১ এর বীরাঙ্গনাদের ভাতা প্রদানে....:**

ডাঃ নাজমুন নাহার বলেন, খাগড়াছড়ির বীরাঙ্গনা চাইন্ডাউ মারমা মৃত্যুর আগের ২ মাসের ভাতা পাননি। সেখানকার সহযোগী সংগঠন ‘ঘাসফুল’ যাতায়াত খরচ, শ্রম এবং সময় সঙ্কুলানের জন্য ২ মাসের টাকা একবারে দিতো, কারণ চাইন্ডাউ মারমার বাড়িতে গিয়ে তারা এই টাকা দিয়ে আসতো কিন্তু এই বাবদ কোন কর্মী বা ব্যবস্থাপনা খরচ তাদের দেওয়া হতো না। এই ধরনের কাজের ক্ষেত্রে স্থানীয় সহযোগী সংগঠনের ভূমিকা, দায়-দায়িত্ব, জবাবদিহিতা, আর্থিক খরচের যোগান কোথা থেকে কিভাবে হবে সে বিষয়ে স্পষ্ট নির্দেশনা থাকা প্রয়োজন; অন্যথায় ভবিষ্যতেও এই ধরনের সমস্যার উভব হতে পারে।

রীতা দাশ রায় বলেন, প্রাপ্ত অনুদান কিভাবে খরচ হবে এর কোন নির্দিষ্ট নির্দেশনা নারীপক্ষ'র নীতিমালায় লেখা নেই, ‘সহযোগী সংগঠন নীতিমালা’ পর্যালোচনা করা উচিত।

রীনা সেনগুপ্তা বলেন, আমাদের বীরাঙ্গনাদের ভাতা প্রদান কার্যক্রমের শিক্ষণীয় লিপিবদ্ধ করা দরকার, যাতে ভবিষ্যতে এ ধরনের যেকোন কাজের ক্ষেত্রে অবশ্যই উদ্যোগ ব্যবস্থাপনার জন্য স্পষ্ট নিয়ম এবং অর্থ বরাদ্দ থাকে।

**সিদ্ধান্ত:**

- সরকারী/বেসরকারী যেকোন উৎস থেকে অনুদান নিয়ে নারীপক্ষ'র মাধ্যমে কাউকে অর্থ সহায়তা বা অনুদান প্রদানের উদ্যোগ/কার্যক্রম বাস্তবায়নে পার্টনার সংগঠনের ভূমিকা ও ব্যবস্থাপনা খরচ প্রদান বিষয়ে সুনির্দিষ্ট নিয়মাবলী লিখিত আকারে ‘সহযোগী সংগঠন নীতিমালা’র সাথে একটি অনুচ্ছেদে যুক্ত করা হবে। এটির খসড়া প্রস্তুত করে চূড়ান্ত করার জন্য রীনা সেনগুপ্তাকে পাঠানো হবে। দায়িত্ব: সায়েমা হাসনীন, হিসাব ও প্রশাসন ব্যবস্থাপক

### সংগঠনের ভূমিকা :

- স্থানীয় সহযোগী সংগঠন অনুমোদিত মাসিক/ ত্রৈমাসিক পরিকল্পনা ও বাজেট অনুযায়ী সম্পাদিত কাজের হিসাব প্রতিবেদন (ব্যাংক সমন্বয় বিবরণী সহ) তৈরী করে ও নারীপক্ষকে প্রেরণ
- সংগঠন ও কর্মীর সম্মানী/ বেতনের বিপরীতে নারীপক্ষ থেকে প্রাপ্ত অর্থ গ্রহনের জন্য কর্মএলাকায় যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা এবং নগদ ব্যয়ের নির্ধারিত টাকার পরিমানের অতিরিক্ত সকল লেনদেন দাগকাটা চেকের মাধ্যমে প্রদান ব্যক্তিসংগত কারন বা পূর্ব অনুমোদন ব্যতীত নগদ লেনদেন করা যাবে না
- প্রকল্প/কর্মসূচির হিসাব থেকে সংগঠন বা ব্যক্তিকে কোন প্রকার ঋণ প্রদান করা যাবে না
- হিসাব সংক্রান্ত সকল নথি যেমন : বিল ভাউচার, অঙ্গীকার, চেক , বেতন, স্টোর, স্থায়ী সম্পদের রেজিষ্টার সংরক্ষন এবং চাহিবা মাত্র প্রদানের ব্যবস্থা করা
- কার্যক্রম বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মীর পরিকল্পনা অনুযায়ী কাজের নিয়মিত পরিবীক্ষণ ও কাজে সন্তুষ্ট না হলে নারীপক্ষ'র পরামর্শ ও সম্মতি সাপেক্ষে নতুন কর্মী নিয়োগ
- প্রকল্প/কর্মসূচি শেষে বা কোন কারনে চুক্তি বাতিল হলে ব্যাংকের অব্যয়িত ছিত্রি নারীপক্ষ'কে ফেরত প্রদান করতে হবে

### ব্যবস্থাপনা খরচ :

- সংগঠনের সম্মানী / বেতন বাবদ
- দীর্ঘমেয়াদের কর্মসূচীর ক্ষেত্রে বাড়ীভাড়া, ইউটিলিটি বাবদ বরাদ্দ
- মাঠ পরিদশনের প্রয়োজনে স্থানীয় যাতায়াত বাবদ ব্যয়
- যোগাযোগের জন্য মোবাইল, ডাক, কুরিয়ার বাবদ প্রকৃত বিল
- অনুদান গ্রহনে ব্যবহৃত ব্যাংক এর চার্জ
- সংগঠনের সাথে সম্পাদিত চুক্তির কর্মপরিকল্পনার অতিরিক্ত কোন কাজ সম্পন্ন করতে প্রকৃত ব্যয়ের উপর অতিরিক্ত  $\%$  ব্যবস্থাপনা ব্যয় প্রদান